# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন
# শিল্প মন্ত্রণালয়
# শিল্প সহায়ক কেন্দ্র,বিসিক, শিল্পনগরী, কুমারগাড়া, কুষ্টিয়া।

**২৭-০৯-২০২০ তারিখ বিকাল ৪.৩০ ঘটিকায় অনুষ্ঠিত কুষ্টিয়া জেলার এস.এম.ই.খাতে ঋণ মনিটরিং কমিটির তৃতীয় সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ- জনাব লুৎফুন নাহার,
অতিঃ জেলা প্রশাসক (সার্বিক ,শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া।

সভার স্থানঃ- জেলা প্রশাসক এঁর সম্মেলন কক্ষ,কুষ্টিয়া।

**তারিখঃ-** **২৭-০৯-২০২০খ্রিঃ**

**সময়ঃ-** **বিকাল ৪.৩০ ঘটিকা**

**উপস্থিত সদস্যদের নামঃ-** **ভার্চুয়াল সভা**

নিজ অফিস কক্ষে কমিটির সভাপতির পক্ষে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ,শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া জনাব লুৎফুন নাহার সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দসহ খুলনা হতে যোগদানকারী বিসিকের সম্মানিত আঞ্চলিক পরিচালক জনাব কাজী মাহবুবুর রশিদ (উপ-সচিব) ও জনাব শাহেদুর রহমান ,উপ-পরিচালক (এস.এমই) বাংলাদেশ ব্যাংক, মহোদয়কে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ঋণ প্রণোদণা কমিটির সদস্য-সচিব বিসিকের ডি.জি.এম সভায় আলোচ্যসূচী পেশ করেন ।

সভায় আলোচ্যসূচী মোতাবেক ধারাবাহিক আলোচনা ও সিদ্ধান্ত/সুপারিশ গৃহিত হয়। যা নিম্নরুপঃ-

| ক্রমিক নং | আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত/সুপারিশ |
|---|---|---|
| ১। | প্রথম ও দ্বিতীয় সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন । | কোনরুপ আপত্তি না থাকায় প্রথম দুইটি কার্যবিবরণী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় । |
| ২। | ১৫ সেপ্টেম্বর'২০২০ পর্যন্ত কুষ্টিয়া জেলার ৩৬ টি ব্যাংক/শাখার মধ্যে ২২ টি ব্যাংকের/শাখাওয়ারী ঋণ বিতরণ ও পর্যালোচনা । | এস.এমই ঋণের লিড ব্যাংক থেকে পাওয়া প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় ২২ টি ব্যাংক কেবলমাত্র এস.এম ই ঋণ প্রণোদনা খাতে ঋণ প্রদান করেছে। তন্মধ্যে ইসলামী ব্যাংক লিঃ ১৫ টি উদ্দ্যোক্তার মধ্যে সর্ব্বোর্চ ৬২.৩৬ কোটি টাকা কিন্তু সংশোধিত লক্ষ্যমাত্রার কারণে তা মাত্র ১৪% অর্জিত হয়েছে। তবে ডাচ বাংলা ব্যাংক ৪.৫৪ কোটি টাকা বিতরণ করে ১৩৫% ও প্রিমিয়ার ব্যাংক লিঃ মাত্র ০০.১৪ কোটি টাকা বিতরণ করে ৮৬% লক্ষ্যমাত্রা অর্জন করেছে । আল-আরাফাহ ব্যাংক ৭.৫০ কোটি টাকা বিতরণ করে ৮৩% লক্ষ্যমাত্রা অর্জন করেছে। বাকি ১৮ টি ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা হতাশাজনক। এছাড়াও রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলি ঋণ বিতরণে আগ্রহী নয় মর্মে সভায় আলোচিত হয়। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জানান যে, লক্ষ্যমাত্রার বেশি ঋণ বিতরণে কোন বাধা নেই। |
| ৩। | ৩৬ টি ব্যাংক/শাখার মধ্যে ২২ টি ব্যাংক ঋণ বিতরণ করেছে । বাকি ১৪ টির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ । | সদস্য-সচিব এনসিসি ব্যাংক থেকে প্রাপ্ত ১৫ সেপ্টেম্বর'২০২০ তারিখের সর্বমোট ঋণ বিতরণ প্রতিবেদন থেকে সভায় জানান যে, জনতা ব্যাংক লিঃ ন্যাশনাল ব্যাংক লিঃ,এনআর সি কর্মাশিয়াল ব্যাংক লিঃ,সাউথ ইস্ট ব্যাংক লিঃ ,লংকা বাংলা, ট্রাস্ট ব্যাংক ইত্যাদি ব্যাংক ১৪ টি ব্যাংক শাখা ঋণ বিতরণ করে নাই যা হতাশাজনক ও নৈরাশ্যজনক। এক্ষেত্রে কুষ্টিয়া চেম্বার এর সম্মানিত সিনিয়ার ভাইস প্রিন্সিপাল জনাব আফাজ উদ্দীন আহমেদ জিন্নাহ ব্যাংক গুলোকে প্রণোদনা ঋণের বিষয়ে সরকারী বিধি বিধান মেনে ঋণ বিতরণের জন্য ব্যাংকগুলোকে নমনীয় হতে আহবান জানান। এছাড়াও বিসিক |

| | | |
|---|---|---|
| | | খুলনা ও বরিশাল বিভাগের আঞ্চলিক পরিচালক জনাব কাজী মাহবুবুর রশিদ (উপ-সচিব) ,ব্যাংকগুলো, চেম্বার ,নাসিব ,ও বিসিকের সাথে মিলে-মিশে সরকারের ঋণ প্রণোদনার ঋণের লক্ষ্যমাত্রা পূরণের জন্য পরামর্শ/ নির্দেশনা প্রদান করেন । |
| ৪। | বিবিধ | সভায় গৃহিত/সিদ্ধান্ত ও সুপারিশ<br>০১। এন সি সি ব্যাংকের ম্যানেজার, ও বিসিকের ডিজিএম জেলা প্রশাসক, কুষ্টিয়া মহোদয়ের সাথে অবিলম্বে সাক্ষাৎ করে ঋণ বিবরনী পর্যালোচনা সহ ঋণ বিতরণ জোরদার করার পন্থা/কৌশল অবলম্বন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।<br>দায়িত্বঃ<br>১। ম্যানেজার এনসিসি ব্যাংক লিঃ ও ডিজিএম, বিসিক, কুষ্টিয়া ।<br>২। প্রত্যেকটি ব্যাংকের জেলা প্রধান ,শাখা প্রধানকে ঋণ বিতরণ জোরদার শুরু করার জন্য পত্র প্রদানের জন্য জেলা প্রশাসক ,কুষ্টিয়া মহোদয়ের পত্র ইস্যু করার সিদ্ধান্ত হয় ।<br>৩। যে সকল ব্যাংক একেবারেই ঋণ বিতরণ করতে পারেন নাই তাদেরকে ঋণ বিতরণ না করার কারণ জানানোর অনুরোধ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয় ।<br>৪। আগামী অক্টোবর'২০২০ মাস হতে সরাসরি মিটিং অনুষ্ঠিত হবে মর্মে সভার সভাপতি তথা অতিঃ জেলা প্রশাসক (সার্বিক, শিক্ষা ও আইসিটি), কুষ্টিয়া আশাবাদ ব্যক্ত করেন । |

এছাড়াও সভার সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক,শিক্ষা ও আইসিটি) মহোদয়, কুষ্টিয়া জেলায় আরো ঋণ বিতরণ দ্রুততম সময়ে মঞ্জুর ও বিতরণ করে কোভিডের ক্ষতি কাটিয়ে দেশের শিল্পায়নসহ অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করার জন্য ব্যাংকারদের দায়িত্বের প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়াও ঋণ বিতরণের মাসিক তথ্যাবলী প্রেরিত ছক মোতাবেক যথাসময়ে স্থানীয় বিসিক অফিসে প্রেরনের জন্য ব্যাংক ম্যানেজারবৃন্দ ও নির্বাহীগণকে আহবান জানান ।


সভায় আর কোন আলোচনা যোগ্য বিষয় না থাকায় জুম এ্যাপে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
০৪.১০.২০২০
( লুৎফুন নাহার )
অতিঃ জেলা প্রশাসক, কুষ্টিয়া (সার্বিক, শিক্ষা ও আই.সিটি)
ও
সভাপতির পক্ষে
কুষ্টিয়া জেলা এস.এম.ই. ঋণ মনিটরিং কমিটি।

## বাংলাদেশ ক্ষুদ্র ওকুটির শিল্প করপোরেশন , শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, কুষ্টিয়া।

স্মারক নং- কুষ/ শিসকে/বিসিক/ ঋণ প্রণোঃ/৪৬/২০২০/১৪২(১৪) তারিখ:- ০৪/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি:- সদয় অবগতি ও কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। জেলা প্রশাসক, কুষ্টিয়া ।
০২। আঞ্চলিক পরিচালক ,আঞ্চলিক কার্যালয়, বিসিক, খুলনা।
০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিসিক, ঢাকা।
০৪। পরিচালক, ( দক্ষতা ও প্রযুক্তি),মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা।
০৫। পরিচালক, (অর্থ),মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা।
০৬। পরিচালক, ( শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ), মহোদয়ের ব্যক্তিগত সহকারী বিসিক, ঢাকা।
০৭। জনাব মো: শাহেদুর রহমান, উপ-পরিচালক (সিএমএস্এমই), বাংলাদেশ ব্যাংক, রাজশাহী শাখা।
০৮। **সভাপতি**, (কুষ্টিয়া চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ)
০৯। সভাপতি ,নাসিব, কুষ্টিয়া ।
১০। উপ- মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ শাখা ব্যবস্থাপক , সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান-(৩৬ টি), কুষ্টিয়া।
১১। জনাব মোছাঃ নিলুফা ইয়াসমিন , মহিলা উদ্যোক্তা ও নাসিবের সহ-সভাপতি।
১২।জনাব রফিকুল আলম টুকু, সভাপতি, সনাক ।
১৩। মোঃ রবি্উল ইসলাম, দিশা, এন. জি. ও. ।
১৪। জনাব মোঃ রফিকুল ইসলাম, সভাপতি ই্ঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ শিল্প মালিক সমিতি



০৪.১০.২০২০
(মুহঃ শফিকুল আলম)
উপ- মহাব্যবস্থাপক
শিসকে, বিসিক, কুষ্টিয়া।
ফোনঃ- ০৭১-৬১৯৭৪
মোবাঃ- ০১৭১৫-৫৫১৮৭২
ই-মেইলঃ- isckushtia@bscic.gov.bd
ও
সদস্য-সচিব
কুষ্টিয়া জেলা এস.এম.ই. ঋণ মনিটরিং কমিটি।